

বিজ্ঞান
২৩

বরিশালে প্রাথমিক শিক্ষার্থীদের জন্য ১০ লাখ সেট বই কম পাঠানো হয়েছে

বরিশাল ব্যুরো

নতুন শিক্ষাবর্ষে বরিশাল বিভাগের প্রাথমিক শিক্ষার্থীদের জন্য চাহিদার তুলনায় ১০ লাখ সেট বই কম পাঠানো হয়েছে। ৩৮ লাখ সেট চাহিদার বিপরীতে এ পর্যন্ত সরবরাহ পাওয়া গেছে মাত্র ২৮ লাখ বরিশাল জেলার ৬ জেলার মধ্যে ভোলা ও ফালগুটিতে চাহিদার বিপরীতে সবচেয়ে কম বই সরবরাহ করা হয়েছে। ভোলা জেলার ৮ লাখ ৯৬ হাজার ৫২২ সেট বইয়ের বিপরীতে কৃষ্ণপিড়িয়ার পর্যন্ত পাওয়া গেছে ৩ লাখ ৮৯ হাজার ৮১৩ সেট অপরদিকে ঝালকাঠির ৩ লাখ ৩৬ হাজার ৩০১ সেট বইয়ের বিপরীতে সরবরাহ করা হয়েছে ১ লাখ ৬৪ হাজার ৩০৬ সেট। এছাড়া বরিশাল জেলার ১০ লাখ ৩২ হাজার ৮৫৭ সেট বইয়ের চাহিদার বিপরীতে পাওয়া ৯ লাখ ৫৩ হাজার ৯০৯ সেটের মধ্যে এ পর্যন্ত বিতরণ করা হয়েছে

৪ লাখ ৯৩ হাজার ৫০০ সেট, পটুয়াখালীর ৭ লাখ ২৯ হাজার ৫৬৯ সেটের বিপরীতে পাওয়া ৬ লাখ ৪৫ হাজার ১৭৭ সেটের মধ্যে বিতরণ করা হয়েছে ২ লাখ ৫৭ হাজার ৯০০ সেট।

পিরোজপুর জেলার ৪ লাখ ২৪ হাজার ৯০৮ সেটের বিপরীতে পাওয়া ৩ লাখ ৫৮ হাজার ৭০৬ সেটের মধ্যে বিতরণ করা হয়েছে ২ লাখ ৩৯ হাজার ৫০ সেট এবং বরগুনার ৩ লাখ ৫২ হাজার ৬৫৭ সেটের বিপরীতে পাওয়া ৩ লাখ ৬ হাজার ২৫২ সেটের মধ্যে বিতরণ করা হয়েছে।

১ লাখ ৯৭ হাজার ১৯১ সেট বরিশালস্থ উপ-পরিচালকের কার্যালয় থেকে জানানো হয়েছে, আগামী ১৫ জানুয়ারি পর্যন্ত বই বিতরণ করা হবে। এর মধ্যে চাহিদা অনুযায়ী বই পাওয়া যাবে বলে আশা প্রকাশ করেন ওই দফতরের কর্মকর্তারা।